গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের
নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়
আইটি সিকিউরিটি

সিসিএ কার্যালয়ের ইনোভেশন কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ রাশেদ ওয়াসিফ<br>উপ-নিয়ন্ত্রক (রুটিন দায়িত্ব) |
| সভার তারিখ | ০৬/০২/২০২০ খ্রি: |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | সিসিএ কার্যালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ: পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য। |

সভাপতি সিসিএ কার্যালয়ের উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় ইনোভেশন টিমের সদস্যবৃন্দকে স্ব-প্রণোদিত হয়ে কাজ করার আহবান জানান। এ সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রতি কর্মকর্তাগণকে বিশেষ গুরুত্ব দেয়ার নির্দেশ দেন। এছাড়াও অন্যান্য বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | সভার আলোচনা | সভার আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির অর্ধ বার্ষিক কর্মপরিকল্পনা | আইসিটি বিভাগ কর্তৃক সকল দপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক প্রতিবেদন মূল্যায়ণ করা হয়েছে। উক্ত প্রতিবেদনে সিসিএ কার্যালয়ের প্রদত্ত নম্বর ৪৭.৮, যা অতি উত্তম পর্যায়ে। | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির বার্ষিক মূল্যায়ণে অসাধারণ পর্যায়ে নম্বর প্রাপ্তির জন্য সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |
| ২। সক্ষমতা বৃদ্ধি | কর্মপরিকল্পনা ৪.৩ এ সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ (দুই) দিনের প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।<br>নিম্নোক্তভাবে প্রশিক্ষণ আয়োজনের কর্মবিভাজন করা হলোঃ<br>ক) প্রশিক্ষণ আয়োজনে প্রশিক্ষক নির্বাচন, সার্বিক যোগাযোগ তদারকি করবে<br>জনাব মোহাম্মদ রাশেদ ওয়াসিফ, উপ-নিয়ন্ত্রক (আইসিটি), ড. নাজমা আক্তার, সহকারী নিয়ন্ত্রক (অর্থ ও প্রশাসন), জনাব কাজী আবেদা গুলশান, সহকারী নিয়ন্ত্রক (ডাটাবেজ ও ওয়েব এ্যাডমিনিস্ট্রেশন)।<br>খ) প্রশিক্ষণের বাজেট প্রণয়ন ও আপ্যায়ন ব্যবস্থা করবে জনাব মো: শরিফুল ইসলাম, তদন্ত কর্মকর্তা<br>গ) প্রশাসনিক অনুমোদন গ্রহণ, বিসিসি’র সভাকক্ষ বরাদ্দ পত্র প্রেরণ প্রতিনিধি মনোনয়নের পত্র প্রেরণ প্রশিক্ষণ নির্বাচনের পত্র প্রেরণ করবে জনাব নাজনীন আক্তার, সহকারী প্রকৌশলী। | আগামী ২৪ ও ২৫ ফেব্রুয়ারি ০২ দিন প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |

| | | | |
|---|---|---|---|
| ৩। উদ্ভাবনী উদ্যোগের পাইলিং বাস্তবায়ন মূল্যায়ণ | কর্মপরিকল্পনার ৬.২ এ আগামী ০১-০৩-২০২০ খ্রি: তারিখের মধ্যে ০১ টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ণের লক্ষ্যমাত্রা রয়েছে। সে মোতাবেক আগামী ১৮ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: তারিখে উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং হিসেবে প্রশিক্ষণ ক্যালেন্ডার অটোমেশন সফটওয়্যারের মূল্যায়ণ সভা আয়োজন করা যেতে পারে। | আগামী ১৮ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: তারিখে উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং হিসেবে প্রশিক্ষণ ক্যালেন্ডার অটোমেশন সফটওয়্যারের মূল্যায়ণ সভা আয়োজন করতে হবে। | ইনোভেশন টিম ও সিসিএ কার্যালয়ের কর্মকর্তা। |
| ৪। স্বীকৃতিক প্রণোদনা | উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র সনদ/ক্রেস্ট/পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। সে মোতবেক ২০১৮-১৯ এর উদ্ভাবন কার্যক্রমের জন্য পুরস্কৃত করার জন্য একটি কমিটি গঠন করা প্রয়োজন। সে লক্ষ্যে নিয়ন্ত্রক মহোদয়কে পত্র প্রেরণ করা প্রয়োজন। | ২০১৮-১৯ এর উদ্ভাবন কার্যক্রমের জন্য পুরস্কৃত করার জন্য একটি কমিটি গঠন করার নিমিত্তে নিয়ন্ত্রক মহোদয়কে পত্র প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |
| ৫। উদ্ভাবকগণকে দেশে শিক্ষাসফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ | সিসিএ কার্যালয়ের উদ্ভাবকগণকে দেশে বিভিন্ন নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করা হচ্ছে। | যে উদ্ভাবকগণ দেশে নলেজ শেয়ারিং প্রোগ্রামে অংশগ্রহণ করছে তারা আইসিটি শাখায় মনোনয়ন পত্র দাখিল করবে। | ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |
| ৬। উদ্ভাবকগণকে বিদেশে শিক্ষা সফর/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ | উদ্ভাবকগণকে বিদেশে শিক্ষা সফর/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করার বিষয়টি নিয়ন্ত্রক মহোদয়ের সাথে আলোচনা করা প্রয়োজন। | উদ্ভাবকগণকে বিদেশে শিক্ষা সফর/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করার বিষয়টি নিয়ন্ত্রক মহোদয়ের সাথে আলোচনা করতে হবে। | ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |
| ৭। তথ্য বাতায়ন হালনাগাদকরণ | বার্ষিক কর্মপরিকল্পনার ১০.১, ১০.২ এবং ১০.৩ এর তথ্য সমূহ ওয়েবসাইটে হালনাগাদ করা প্রয়োজন। | বার্ষিক কর্মপরিকল্পনার ১০.১, ১০.২ এবং ১০.৩ এর তথ্য সমূহ ওয়েবসাইটের ইনোভেশন কর্ণানার হালনাগাদ করতে হবে। | সহকারী নিয়ন্ত্রক (ডাটাবেজ ও ওয়েব এ্যাডমিনিস্ট্রেশন) সিসিএ কার্যালয় |
| ৮। ডিজিটাল সেবা চালুকরণ | প্রশিক্ষণ ক্যালেন্ডার অটোমেশন সফটওয়্যারটি এ কার্যালয়ের কর্মকর্তাগণ কর্তৃক প্রদানকৃত সুপারিশ অনুযায়ী হালনাগাদ হয়েছে কিনা এবং এ সংশ্লিষ্ট সকল ডকুমেন্ট প্রেরণের জন্যে উন্নয়নকারী প্রতিষ্ঠানকে পত্র দেওয়া প্রয়োজন। এ বছরে গৃহীত উদ্ভাবনী সমূহের প্রসেস ম্যাপের আইন শাখা হতে পর্যালোচনা করেছে। অত:পর প্রশাসনিক অনুমোদন গ্রহণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। সফটওয়্যারের স্পেসিফিকেশন প্রস্তুতের জন্য কমিটির একটি সভা হয়েছে। একটি খসড়া স্পেসিফিকেশন প্রস্তুত করা হয়েছে যা কমিটির সদস্য কর্তৃক পর্যবেক্ষণ করা হচ্ছে। | প্রশিক্ষণ ক্যালেন্ডার অটোমেশন সফটওয়্যারটি এ কার্যালয়ের কর্মকর্তাগণ কর্তৃক প্রদানকৃত সুপারিশ অনুযায়ী হালনাগাদ হয়েছে কিনা এবং এ সংশ্লিষ্ট সকল ডকুমেন্ট প্রেরণের জন্য উন্নয়নকারী প্রতিষ্ঠানকে পত্র প্রেরণ করতে হবে। | আইসিটি শাখা |

আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ রাশেদ ওয়াসিফ
উপ-নিয়ন্ত্রক (রুটিন দায়িত্ব)

স্মারক নম্বর: ৫৬.০৩.০০০০.০০৩.০৫.০০৭.১৬.১৭ তারিখ: ২৯ মাঘ ১৪২৬

১২ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চিফ ইনোভেশন অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭, ।

২) সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ), ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়

৩) উপ-নিয়ন্ত্রক (রুটিন দায়িত্ব), আইসিটি , ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়

৪) সহকারী নিয়ন্ত্রক (রুটিন দায়িত্ব), ডাটাবেজ ও এডমিনিস্ট্রেশন , ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়

৫) সহকারী নিয়ন্ত্রক (রুটিন দায়িত্ব), অর্থ ও প্রশাসন , ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়

৬) তদন্ত কর্মকর্তা (রুটিন দায়িত্ব), আইন , ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়

বেগম নাজনীন আক্তার
সহকারী প্রকৌশলী